

নোটিশ

দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের সকল কর্মকর্তা/কর্মচারী এবং দুর্যোগ ব্যবস্থাপনা এর সাথে সংশ্লিষ্ট সকল বিশেষায়িত সংস্থার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরধীন “জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট” এ মোট ০৫ টি (পাঁচ) ফ্লোরে ০৬টি প্রশিক্ষণ কক্ষ, স্লাটপারপাস হল, অডিটরিয়াম ও মিডিয়া সেলে নিয়মিত প্রশিক্ষণ, কর্মশালা, সভা ও সেমিনার কার্যক্রম পরিচালিত হয়ে আসছে। এ সকল প্রশিক্ষণ, কর্মশালা, সভা ও সেমিনারে যোগদান করতে আসা অংশগ্রহণকারীগণকে প্রায়শই প্রশিক্ষণের স্থান ও সময়সূচি নিয়ে বিভ্রান্তিতে পড়তে দেখা যায়। এজন্য ১৪ ফেব্রুয়ারি ২০২১ খ্রি: তারিখ বিকাল ৪:৩০ মি: থেকে দুর্যোগ ব্যবস্থাপনা ভবনের নীচতলায় Digital Display বোর্ডে স্থাপন এবং এর মাধ্যমে প্রশিক্ষণের স্থান ও সময়সূচি প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

এই Digital Display বোর্ড চালুর ফলে প্রশিক্ষণ, কর্মশালা, সভা ও সেমিনারে আগত অংশগ্রহণকারীবৃন্দ নীচতলায় স্থাপনকৃত Digital Display বোর্ডের মাধ্যমে জানতে পারবে কোথায়, কখন, কোন প্রশিক্ষণ অনুষ্ঠিত হচ্ছে। এর ফলে বিশেষভাবে বহিরাগত অংশগ্রহণকারীদের ভোগান্তি হ্রাস পাবে এবং Time, Cost এবং Visit এর সাশ্রয় হবে। পাশাপাশি অভ্যন্তরিন কর্মকর্তা কর্মচারীবৃন্দ সহজেই Digital Display বোর্ডের এর মাধ্যমে প্রশিক্ষণের সময়সূচি জানতে পারবে। প্রত্যাশা করা যাচ্ছে, এই নতুন ডিজিটাল সেবা চালুর মাধ্যমে অধিদপ্তরের কর্মক্ষেত্রে প্রশিক্ষণ সম্পর্কিত তথ্য প্রাপ্তি আরো সহজ হবে।

(মো: আতিকুল হক)
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
ফোন: ৮৮৩৫৪৯৫

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কাযার্থে (জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
- ৩। উপপরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
- ৪। প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের এর অনুরোধ সহ)।
- ৫। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল)
- ৬। এপিএ ফোকাল পয়েন্ট, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
- ৭। সহকারী পরিচালক/সহকারী প্রকৌশলী (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
- ৮। অফিস কপি।